রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ৭, ২০২৬**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**সংশোধিত বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ /০৭ জুলাই ২০২৬

নং **১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৩৭২।**—স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন উপলক্ষে "স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫" সংক্রান্ত নির্বাচন কমিশন সচিবালয় হইতে স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-১৫৩ মূলে ২৪ জুন ২০২৫ তারিখে জারীকৃত এবং জুন ২৬,২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হইল:

"গেজেটের ৬৫৩৪ নম্বর পৃষ্ঠার **ক্রমিক ১** এর **১.২** -এ উল্লিখিত "ভোটগ্রহণের তারিখের অন্যূন **১৫ (পনের)** দিন পূর্বে" **এর স্থলে** "ভোটগ্রহণের তারিখের অন্যূন **২৫ (পঁচিশ)** দিন পূর্বে" সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

"গেজেটের ৬৫৩৪ নম্বর পৃষ্ঠার **ক্রমিক ১** এর **১.৩** -এ উল্লিখিত "ভোটগ্রহণের তারিখের অন্যূন **১৫ (পনের)** দিন পূর্বে" **এর স্থলে** "ভোটগ্রহণের তারিখের অন্যূন **২৫ (পঁচিশ)** দিন পূর্বে" সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"


মূল্য ঃ টাকা ৪.০০

"গেজেটের ৬৫৩৬ নং পৃষ্ঠার **ক্রমিক ৩** এর **৩.১** -এ উল্লিখিত "ভোটারের সংখ্যানুসারে ভোটকেন্দ্র ও কক্ষ স্থাপন: গড়ে **২০০০ (দুই হাজার)** ভোটারের জন্য একটি করে ভোটকেন্দ্র এবং সাধারণভাবে **৪০০** জন পুরুষ ভোটারের জন্য এবং **৩০০ (তিনশত)** হতে **৩৫০ (তিনশত পঞ্চাশ)** জন মহিলা ভোটারের জন্য ১টি করে ভোটকক্ষ নির্ধারণ করতে হবে। উপনির্বাচনে একটি পদে নির্বাচনের ক্ষেত্রে সাধারণভাবে **৫০০ জন** পুরুষ ভোটারের জন্য এবং **৪০০ জন** মহিলা ভোটারের জন্য ১টি করে ভোটকক্ষ নির্ধারণ করতে হবে। উল্লেখ্য প্রত্যেকটি সাধারণ ওয়ার্ডের জন্য ওয়ার্ডের সীমানার মধ্যে একটি ভোটকেন্দ্র স্থাপন করতে হবে। তবে বাস্তবতার নিরীখে প্রয়োজন অনুযায়ী একাধিক ভোটকেন্দ্র স্থাপন করা যাবে।" **এর স্থলে** "ভোটারের সংখ্যানুসারে ভোটকেন্দ্র ও কক্ষ স্থাপন: **গড়ে ২০০০ (দুই হাজার)** ভোটারের জন্য একটি করে ভোটকেন্দ্র এবং সাধারণভাবে **৬০০ (ছয়শত)** জন পুরুষ ভোটারের জন্য এবং **৫০০ (পাঁচশত)** জন মহিলা ভোটারের জন্য ১টি করে ভোটকক্ষ নির্ধারণ করতে হবে। উপনির্বাচনে একটি পদে নির্বাচনের ক্ষেত্রে সাধারণভাবে **৬০০ জন** পুরুষ ভোটারের জন্য এবং **৫০০ জন** মহিলা ভোটারের জন্য ১টি করে ভোটকক্ষ নির্ধারণ করতে হবে। তবে প্রতিটি ভোটকক্ষে প্রয়োজনে একাধিক গোপনকক্ষ (Marking Place) স্থাপন করা যাবে। উল্লেখ্য, প্রত্যেকটি সাধারণ ওয়ার্ডের জন্য ওয়ার্ডের সীমানার মধ্যে একটি ভোটকেন্দ্র স্থাপন করতে হবে। তবে বাস্তবতার নিরীখে প্রয়োজন অনুযায়ী একাধিক ভোটকেন্দ্র স্থাপন করা যাবে।" সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ রশিদ মিয়া**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন সহায়তা-৩।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd